

বিজ্ঞপ্তি নং-০৭ জে,

তারিখ: ০৯.০৫.২০২৪ খ্রি.

বিষয়: নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনালে অভিযোগকারী/ ভিকটিম-এর পক্ষে ব্যক্তিগতভাবে আইনজীবী নিয়োগকরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনালে অভিযোগকারী/ ভিকটিম-এর পক্ষে ব্যক্তিগতভাবে আইনজীবী নিয়োগ করণের ক্ষেত্রে সংশ্লিষ্ট পক্ষগণ বিভিন্ন সমস্যা বা বাধার সম্মুখীন হচ্ছেন।

২। এ বিষয়ে উল্লেখ্য, নারী ও শিশু নির্যাতন দমন আইন, ২০০০ এর ২৫ ধারায় বর্ণিত বিধানাবলী মোতাবেক নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনালে কোনো অপরাধের অভিযোগ দায়ের, তদন্ত, বিচার ও নিষ্পত্তির ক্ষেত্রে ফৌজদারী কার্যবিধি The Code of Criminal Procedure, 1898 এর বিধানাবলী প্রযোজ্য হয় এবং ট্রাইব্যুনালে অভিযোগকারীর পক্ষে মামলা পরিচালনাকারী ব্যক্তি পাবলিক প্রসিকিউটর বলে গণ্য হন। উক্ত কার্যবিধির ৪৯৩ এবং ৪৯৫ ধারায় বর্ণিত বিধানাবলী অনুসরণপূর্বক নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনালে অভিযোগকারী/ ভিকটিম-এর পক্ষে ব্যক্তিগতভাবে আইনজীবী নিযুক্ত করে মামলা পরিচালনা করার সুযোগ আছে। সংশ্লিষ্ট সকলের জন্য বিষয়টি স্পষ্ট হওয়া আবশ্যিক।

৩। এমতাবস্থায়, নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনালে অভিযোগকারী/ ভিকটিম The Code of Criminal Procedure, 1898 এর ৪৯৩ এবং ৪৯৫ ধারায় বর্ণিত বিধানাবলী অনুসরণপূর্বক তাঁর/ তাঁদের পক্ষে ব্যক্তিগতভাবে আইনজীবী নিযুক্ত করে মামলা পরিচালনা করতে পারবেন মর্মে অত্র বিজ্ঞপ্তির মাধ্যমে বিষয়টি স্পষ্টীকরণ করা হলো।

স্বাঃ/-

(এসকে.এম.তোফায়েল হাসান)

রেজিস্ট্রার (বিচার)

হাইকোর্ট বিভাগ

ফোন: ০২২২৩৩৫৮৭৮০।

ই-মেইল: [rcgistrar.judicial@supremecourt.gov.bd](mailto:rcgistrar.judicial@supremecourt.gov.bd)

স্মারক নং-১ই-৪/কল-৩১/২০১৭(অংশ-২)-৪৩১২ (৬) জে,

তারিখ: ০৯.০৫.২০২৪ খ্রি.

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। সচিব, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। বিচারক (জেলা জজ), নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনাল, ----- (সকল)।
- ৩। সলিসিটর (জেলা জজ), সলিসিটর উইং, আইন ও বিচার বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট প্রাঙ্গন, ঢাকা।
- ৪। সভাপতি/সাধারণ সম্পাদক, জেলা আইনজীবী সমিতি----- (সকল)।
- ৫। স্পেশাল পাবলিক প্রসিকিউটর, নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনাল,----- (সকল)।
- ৬। মাননীয় প্রধান বিচারপতির সচিব/একান্ত সচিব, হাইকোর্ট বিভাগ/আপীল বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
- ৭। সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ, ঢাকা (বাংলাদেশ সুপ্রীম কোর্টের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৮। অফিস কপি।



(শোভন শাহরিয়ার)

সহকারী রেজিস্ট্রার (বিচার)

ফোন: ০২২২৩৩৫৮৫৮৩।